

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি শাখা
৩৭/৩, ইক্ষাটন গার্ডেন রোড, ঢাকা।
ddawareness@gmail.com

স্মারক নং ৩২.০১.০০০০.০০৯.২৯.০০৮.২১-২৬(১)

তারিখ: ৬ ৫/০৪/২০২৬ খ্রি:

বিষয়ঃ ২৬/০৪/২০২৬ তারিখ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের মতবিনিময় সভার নির্দেশনা মঠ পর্যায়ে বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৬/০৪/২০২৬ তারিখ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যাপক ডাঃ এ জেড এম জাহিদ হোসেন মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা করেন। সভায় তিনি নারী ও শিশুর প্রতি সহিংসতা ও জৈভারভিত্তিক সহিংসতাসহ নিম্নোক্ত বিষয়ের উপর কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য জরুরি নির্দেশনা প্রদান করেছেনঃ

ক্রমিক	কার্যক্রমের ক্ষেত্রসমূহ	বাস্তবায়নকারী
০১.	জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সংশ্লিষ্ট সকল কমিটি গুলো শক্তিশালী ও কার্যকর।	উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সকল)
০২.	সকল জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ (জীবিকায়ন, WTC ও আইজিএ) কেন্দ্রে সেশন অন্তর্ভুক্তি।	উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সকল)
০৩.	ইউনিয়ন, পৌরসভা, সিটি কর্পোরেশনে প্রচার/লিফলেট বিতরণ।	উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সকল)
০৪.	প্রান্তিক পর্যায়ে সামাজিক নিরাপত্তা বেটনীর আওতাধীন উপকারভোগীদের মধ্যে সচেতনতা সৃষ্টি।	উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সকল)
০৫.	জেলা বার কাউন্সিলে প্রচারণা।	সহকারী পরিচালক, মহিলা সহায়তা কেন্দ্র (সকল)
০৬.	আঞ্চলিক/প্রশিক্ষণ কেন্দ্রে সেশন অন্তর্ভুক্তকরণ।	উপপরিচালক (সকল)
০৭.	জেলা আইন শৃংখলা সভায় প্রজেক্টেশন উপস্থাপন।	উপপরিচালক (সকল)
০৮.	স্কুল ও কলেজ পর্যায়ে ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, অভিভাবকগণের মধ্যে প্রচারণা, কুইজ প্রতিযোগিতার আয়োজন করা।	উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সকল)
০৯.	ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারণা।	উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সকল)
১০.	নারী ও শিশুর প্রতি সহিংসতা ও যৌন নিপীড়নে পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও প্রতিকার সুরক্ষা আইন, ২০২৬ এবং কর্মক্ষেত্র ও শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধ আইন, ২০২৬ ব্যাপক প্রচারণা ও কার্যকরি ব্যবস্থা গ্রহণ।	উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সকল)
১১.	ইউনিয়ন পর্যায়ে গ্রাম আদালতে প্রচার।	উপপরিচালক (সকল জেলা) ও গ্রাম আদালতের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১২.	আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র ও কর্মজীবী মহিলা হোস্টলে সেবাগ্রহীতাদের মধ্যে প্রচারণা।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও হোস্টেল সুপার (সকল)
১৩.	প্রচারণার টার্গেট নির্ধারণ ও রিপোর্টিং নিশ্চিতকরণ।	উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সকল)
১৪.	QRT প্রকল্পের মাধ্যমে প্রচারণা।	প্রকল্প পরিচালক, QRT
১৫.	জেলা লিগ্যাল এইড কমিটিতে আলোচনা।	উপপরিচালক (সকল)

উল্লিখিত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রীর নির্দেশনার আলোকে ব্যাপক প্রচার/প্রচারণার মাধ্যমে সচেতনতা সৃষ্টি ও কার্যকর ভূমিকা গ্রহণ করে প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে সদর কার্যালয়ে রিপোর্ট প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। বিষয়টি অতীব জরুরি।

মো: মহিউদ্দীন আহমেদ

উপপরিচালক

পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি শাখা
মহিলা বিষয়ক অধিদপ্তর।

সদয় কার্যার্থে ও অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রকল্প পরিচালক..... মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ২। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপপরিচালক (সকল জেলা) মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সকল) মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ৫। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র/হোস্টেল সুপার, মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ৬। সহকারী পরিচালক, মহিলা সহায়তা কর্মসূচী, মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। অফিস কপি।